অর্থমন্ত্রীকে নতুনধারার লাল কার্ড প্রদর্শন

কৃষি-স্বাস্থ্য-শিক্ষা-খাদ্য-বিদ্যুৎ-পরিবহন-নারী-শিশু-শ্রমিক তথা গণবিরোধী বাজেটের প্রতিবাদে অর্থমন্ত্রীকে লাল কার্ড প্রদর্শন করেছে। ১৫ জুন সকাল ১১ টায় জাতীয় প্রেসক্লাবের সামনে স্বাস্থ্যবিধি মেনে-সামাজিক দূরত্ব বজায় রেখে এই সমাবেশে সভাপতিত্ব করেন নতুনধারা বাংলাদেশ এনডিবির চেয়ারম্যান মোমিন মেহেদী।

এসময় তিনি বলেন- নির্মম মহামারি করোনা পরিস্থিতিতে তাড়াহুড়ো করে দেয়া এই বাজেট যেন নিরন্ন মানুষের উপকারে আসে, তা না হলে লকডাউন কবলিত-ব্যবসা-চাকুরি হারানো মানুষগুলোর রাজপথে নামা ব্যতিত কোন পথই থাকবে না। আশা করি- সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতার কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও অর্থমন্ত্রী দ্রুত তথাকথিত এই বাজেট সংশোধনের মধ্য দিয়ে কৃষি ১০, শিক্ষা ২০, খাদ্য ১০, পরিবহন ১০, স্বাস্থ্য ১০, মহিলা- সমাজকল্যাণ ও যুব ৫ ও বিদ্যুৎ-জ্বালানি খাতে ১০ ভাগ করার পাশাপাশি শ্রমিকদের জন্য সহজ শর্তে ঋণ এবং আবাসন খাতে ভর্তুকি দিয়ে অসংখ্য মধ্যবিত্ত-নিন্ম মধ্যবিত্তের অন্তত ৬ মাসের বাড়ি ভাড়া সমস্যা সমাধানের জন্য ৫০০ কোটি টাকা বরাদ্দ রাখবেন।

অধ্যাপক শুভঙ্কর দেবনাথের প্রেরণার বক্তব্যের মধ্য দিয়ে শুরু হওয়া সমাবেশে নতুনধারার সিনিয়র ভাইস চেয়ারম্যান শান্তা ফারজানা প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন। এছাড়াও নতুনধারা বাংলাদেশ এনডিবির সাংগঠনিক সম্পাদক ও জেরাব সভাপতি লিটন দ্রং, কামরাঙ্গির চর শাখার সভাপতি মো. শরীফ, মতিঝিল থানা সভাপতি মো. ইউসুফ, কালিগঞ্জ শাখা সভাপতি মো. আল আমিন, সেভ দ্য রোড সদস্য কান্তা আক্তার প্রমুখ বক্তব্য রাখেন।